উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

## ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৩২ তম বিশেষ কর্পোরেশন সভার (বাজেট সভা) কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আতিকুল ইসলাম, মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
তারিখ : ০২ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ ।। ১৭ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ
সময় : সকাল ১১.০০ টা
স্থান : নগর ভবন, সেন্টার পয়েন্ট (লেভেল-৮), প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা

সভায় উপস্থিত কাউন্সিলরদের তালিকা পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলরবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সম্মানিত কাউন্সিলরগণের মধ্য হতে একজন করে প্রতিটি কর্পোরেশন সভা কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে শুরু করবেন মর্মে সভাপতি অভিপ্রায় ব্যক্ত করেন। তৎপ্রেক্ষিতে ৪৬ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব সাইদুর রহমান সরকার সভায় কোরআন থেকে তেলাওয়াত করেন। সভায় সভাপতি প্রধান নির্বাহী কর্মকর্তাকে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন। প্রধান নির্বাহী কর্মকর্তা ডিএনসিসি'তে সদ্য যোগদানকৃত কর্মকর্তাগণকে উপস্থিত সকল কাউন্সিলরদের সাথে পরিচয় করিয়ে দেন। অতপর: তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করেন। এজেন্ডা ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-১ | : | ডিএনসিসি'র ৩৪ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ আবু তাহের খান এর মৃত্যুতে শোক প্রস্তাব প্রসঙ্গে। |
| আলোচনা | : | ডিএনসিসি'র ৩৪ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ আবু তাহের খান গত ২৩ জুন ২০১৯ তারিখ দুপুর ১২.৩৫ মিনিটে রাজধানীর স্কয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ............ রাজিউন)। তার মৃত্যুতে মাননীয় মেয়র, সম্মানিত কাউন্সিলরবৃন্দ ও ডিএনসিসি'র কর্মকর্তা কর্মচারীদের পক্ষ থেকে শোক প্রস্তাব পেশ করা হয়।<br><br>সভায় সদ্য প্রয়াত ৩৪ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ আবু তাহের খান এর স্মরণে ১ মিনিট নিরবতা পালন করা হয়। অতপর: ২২ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর সদ্য প্রয়াত ৩৪ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ আবু তাহের খান এর রুহের মাগফিরাত কামনায় দোয়া পরিচালনা করেন। |
| সিদ্ধান্ত | : | শোক প্রস্তাব গৃহীত হয়। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-২** | : | বিগত ২৯ মে ২০১৯ তারিখ অনুষ্ঠিত ৩১তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণ প্রসঙ্গে |
| আলোচনা | : | বিগত ২৯ মে ২০১৯ তারিখ অনুষ্ঠিত ৩১তম সভার কার্যবিবরণী দৃঢ়করণের লক্ষে পরিবর্তন/পরিমার্জনসহ কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। ৩১ তম কর্পোরেশন সভার বিবিধ আলোচনার ক্রমিক নং-৫ এ ৫২ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর এর নাম জনাব মোহাম্মদ শরীফুর রহমান এর পরিবর্তে জনাব মোঃ ফরিদ আহমেদ সংশোধনসহ বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করণের বিষয়ে উপস্থিত সকলেই একমত পোষণ করেন।। |
| সিদ্ধান্ত | : | ৩১ তম কর্পোরেশন সভার বিবিধ আলোচনার ক্রমিক নং-৫ এ ৫২ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর এর নাম জনাব মোহাম্মদ শরীফুর রহমান এর পরিবর্তে জনাব মোঃ ফরিদ আহমেদ সংশোধনসহ ৩১তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-৩** | : | **৩১তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি** |
| আলোচনা | : | সভায় ৩১তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করা হয় এবং গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকল বিভাগীয় প্রধান ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে আহ্বান জানানো হয়। |
| সিদ্ধান্ত | : | ৩১তম কর্পোরেশন সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | বিভাগীয় প্রধান (সকল)/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-৪** | : | ডিএনসিসি'র ২০১৮-২০১৯ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০১৯-২০২০ অর্থ বছরের বাজেট অনুমোদন প্রসঙ্গে |
| আলোচনা | : | সভাপতি, ১৭নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর এবং 'অর্থ ও সংস্থাপন সংক্রান্ত স্থায়ী কমিটি'র সভাপতি জনাব মোঃ জিন্নাত আলীকে বাজেট সংক্রান্ত আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন। ডিএনসিসির ১৭ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর এবং 'অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি'র সভাপতি জনাব মোঃ জিন্নাত আলী উপস্থিত সভার সভাপতি, সম্মানিত কাউন্সিলরবৃন্দ ও ডিএনসিসি'র কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং বাজেট সম্পর্কে বিস্তারিত তথ্য উপস্থাপনের জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তাকে অনুরোধ জানান। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা ডিএনসিসি'র ২০১৮-২০১৯ অর্থ বছরের সংশোধিত বাজেট ও ২০১৯-২০২০ অর্থ বছরের বাজেট কর্পোরেশন সভায় উপস্থাপন করেন। যার সংক্ষিপ্তসার নিম্নরূপ- |

(কোটি টাকায়)

| ক্রম | খাত | বাজেট ২০১৮-২০১৯ | সংশোধিত বাজেট ২০১৮-২০১৯ | বাজেট ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|
| | প্রারম্ভিক স্থিতি | ২০৩.২৫ | ২৪৯.০০ | ২২৭.২০ |
| আয়ঃ | | | | |
| ১ | রাজস্ব আয় | ৮৫৭.২০ | ৭৯৩.০০ | ১১০৬.৪০ |
| ২ | অন্যান্য আয় | ৭.০০ | ৮.২৫ | ৯.০০ |
| ৩ | সরকারি অনুদান (থোক) | ১৫০.০০ | ৫৪.৭৮ | ১০০.০০ |
| ৪ | সরকারি বিশেষ অনুদান | ৫০.০০ | ১৩.৫০ | ৫০.০০ |
| | মোট | ১০৬৪.২০ | ৮৬৯.৫৩ | ১২৬৫.৪০ |
| ৫ | সরকারি/ বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প | ১৩০০.০০ | ৭০৪.১০ | ১৫৬৪.৬৪ |
| | সর্বমোট আয় | ২৫৬৭.৪৫ | ১৮২২.৬৩ | ৩০৫৭.২৪ |
| ব্যয় | | | | |
| ১ | রাজস্ব ব্যয় | ৪৩৬.৪০ | ৩৭৯.৯৮ | ৫৫১.৪০ |
| ২ | অন্যান্য ব্যয় | ১১.০০ | ৫.৬০ | ১২.০০ |
| ৩ | উন্নয়ন ব্যয় | | | |
| ৩.১ | উন্নয়ন ব্যয় (নিজস্ব উৎস, সরকারি থোক) | ৬৬২.৮০ | ৫০৫.৭৫ | ৭৭১.১০ |
| ৩.২ | উন্নয়ন ব্যয় (সরকারি/ বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প) | ১৩০০.০০ | ৭০৪.১০ | ১৫৬৪.৬৪ |
| | উপমোট-উন্নয়ন ব্যয় | ১৯৬২.৮০ | ১২০৯.৮৫ | ২৩৩৫.৭৪ |
| | সমাপনী স্থিতি | ১৫৭.২৫ | ২২৭.২০ | ১৫৮.১০ |
| | সর্বমোট ব্যয় | ২৫৬৭.৪৫ | ১৮২২.৬৩ | ৩০৫৭.২৪ |

| | | |
|---|---|---|
| | | অর্থাৎ ২০১৮-২০১৯ অর্থ-বছরের সংশোধিত বাজেট ১৮২২.৬৩ কোটি টাকা এবং ২০১৯-২০২০ অর্থ-বছরের ৩০৫৭.২৪ কোটি টাকার বাজেট উপস্থাপন করা হয়। |
| সিদ্ধান্ত | : | ডিএনসিসি'র ২০১৮-২০১৯ অর্থ বছরের সংশোধিত বাজেট ও ২০১৯-২০২০ অর্থ বছরের বাজেট অনুমোদন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-৫ | : | মাননীয় মেয়র এর সহকারী একান্ত সচিব নিয়োগ প্রদান প্রসঙ্গে |
| আলোচনা | : | সচিব সভাকে অবহিত করেন যে, ডিএনসিসির মাননীয় মেয়র এর সহকারী একান্ত সচিবের একটি পদ ১৯৮৯ ও প্রস্তাবিত নিয়োগ বিধিতে উল্লেখ আছে। পদটি শূণ্য থাকায় মাননীয় মেয়র এর অভিপ্রায় মতে জনাব সাইফুদ্দিন ইমনকে সহকারী একান্ত সচিব হিসেবে নিয়োগ প্রদান করার জন্য মেয়র মহোদয় অভিপ্রায় ব্যক্ত করেছেন। ১৯৮৯ সালের নিয়োগ বিধিতে পদটি সরাসরি স্থায়ীভাবে নিয়োগযোগ্য বিধায় বেতন প্রদানের ক্ষেত্রে আইনগত সমস্যা রয়েছে। প্রস্তাবিত নিয়োগ বিধিতে উক্ত পদটিতে নিয়োগের ক্ষেত্রে ''১ম শ্রেণীর চাকুরীর যোগ্যতা সম্পন্ন উপযুক্ত বেসরকারী ব্যক্তি মেয়র কর্তৃক মনোনীত ও তাঁর অভিপ্রায় অনুযায়ী নির্দিষ্ট মেয়াদের জন্য নিয়োগ প্রাপ্ত হবেন।'' মর্মে বিধান রয়েছে। কিন্তু প্রস্তাবিত নিয়োগ বিধি অনুমোদিত হয় নি।<br><br>৩০ মে ২০১৯ তারিখে ৪৬.১০.০০০০.০০৫.৪৫.০৭৭.১৯-৩৪৪ সংখ্যক স্মারকে মাননীয় মেয়র এঁর একান্ত সচিব নিয়োগ প্রদানের জন্য সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে ০১ জুলাই ২০১৯ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫.০০.০০০০.১৩৮.০০.০১৮.১৩.৫৩১ সংখ্যক স্মারকে মন্ত্রিপরিষদ বিভাগের ০৫/০৮/২০১৪ খ্রিঃ তারিখের ০৪.০০.০০০০.৪২১.৪১.০০৯.১৪.২৭২ নং প্রজ্ঞাপনের আলোকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র এর সহকারী একান্ত সচিব পদে সরাসরি নিয়োগ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিজস্ব বিদ্যমান নিয়োগ বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য অনুমোদন প্রদান করা হয়।<br><br>ফলে মাননীয় মেয়র এঁর একান্ত সচিব নিয়োগ প্রদানের বিষয়ে কর্পোরেশন সভার সিদ্ধান্ত প্রয়াজন। প্রস্তাবিত নিয়োগ বিধি মোতাবেক জনাব সাইফুদ্দিন ইমন, পিতা-মৃতঃ মনির আহমেদ, মাতা-আমেনা বেগম, স্থায়ী ঠিকানা-গ্রাম-চরখাগুরিয়া, পোঃ-খাগুরিয়া, থানা-সাতকানিয়া, জেলা-চট্টগ্রাম, বর্তমান ঠিকানা-বাসা-৩৫, রোড নং-০২, সেক্টর নং-০৪, উত্তরা, ঢাকা'কে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম এর অভিপ্রায় অনুযায়ী ০৭/০৩/২০১৯ তারিখ থেকে তাঁর সহকারী একান্ত সচিব হিসেবে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ২২,০০০-৫৩,০৬০/- (৯ম গ্রেড) নিয়োগ প্রদান করা যেতে পারে। উল্লেখ্য ইতোপূর্বে একই পদ্ধতিতে ৫ম কর্পোরেশন সভায় জনাব এ, কে, এম মিজানুর রহমানকে মেয়রের সহকারী একান্ত সচিব হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছিলো।<br><br>ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম যতদিন এ পদ অলংকৃত করবেন অথবা জনাব সাইফুদ্দিন ইমন-কে উক্ত পদে বহাল রাখার অভিপ্রায় পোষন করবেন ততদিন এ নিয়েগ আদেশ কার্যকর করা যেতে পারে।<br><br>উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ মাননীয় মেয়র এঁর সহকারী একান্ত সচিব নিয়োগ প্রদানের বিষয়ে ঐক্যমত পোষণ করেন। |
| সিদ্ধান্ত | : | ১. জনাব সাইফুদ্দিন ইমন, পিতা-মৃতঃ মনির আহমেদ, মাতা-আমেনা বেগম, স্থায়ী ঠিকানা-গ্রাম-চরখাগুরিয়া, পোঃ-খাগুরিয়া, থানা-সাতকানিয়া, জেলা-চট্টগ্রাম, বর্তমান ঠিকানা-বাসা-৩৫, রোড নং-০২, সেক্টর নং-০৪, উত্তরা, ঢাকা'কে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম এর অভিপ্রায় অনুযায়ী ০৭/০৩/২০১৯ তারিখ থেকে তাঁর সহকারী একান্ত সচিব হিসেবে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ২২,০০০-৫৩,০৬০/- (৯ম গ্রেড) নিয়োগ প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |

| | | |
|---|---|---|
| | | ২. ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম যতদিন এ পদে অলংকৃত করবেন অথবা জনাব সাইফুদ্দিন ইমন-কে উক্ত পদে বহাল রাখার অভিপ্রায় পোষন করবেন ততদিন এ নিয়োগ আদেশ কার্যকর থাকবে। |
| বাস্তবায়ন | : | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-৬** | : | ডিএনসিসিতে ই-নথি ব্যবহার, সরকারি ওয়েব মেইল ব্যবহার এবং ডিএনসিসি'র সকল বিভাগ ও দপ্তরসমূহে নথি ও চিঠি-পত্র লেখার ক্ষেত্রে Unicode Supported NIKOSH FONT ব্যবহার প্রসঙ্গে। |
| ১. আলোচনা | : | সচিব, ডিএনসিসি সভাকে অবহিত করেন যে, রূপকল্প ২০২১ তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের সহযোগিতায় বিভিন্ন সরকারি দপ্তরসমূহে ই-নথি সিস্টেম চলমান রয়েছে। বর্তমানে ৫৮টি মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ অধিদপ্তর ও পরিদপ্তরে সর্বমোট ৫,৫০০টি সরকারি দপ্তরে প্রায় ৬৪,০০০ জন ব্যবহারকারী ই-নথি সিস্টেমের মাধ্যমে দাপ্তরিক নথি সম্পন্ন করছেন। সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর ১৫(১)(ক), ১৫(১)(গ), ১৫(৬) এবং ১৬ নম্বর নির্দেশিকাসমূহে ই-নথি বাস্তবায়নের সুস্পষ্ট নির্দেশনা প্রদানসহ ইলেকট্রনিক পদ্ধতিতে পত্র গ্রহণ এবং প্রেরণ কার্যক্রমেকে অগ্রাধিকার প্রদানের সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। বিভিন্ন সরকারি দপ্তরসমূহের চলমান ই-নথি কার্যক্রমের সাথে সামঞ্জস্য রেখে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সকল বিভাগ/অঞ্চল/দপ্তরে ই-নথি কার্যক্রম অগ্রাধিকার ভিত্তিতে শুরু করা একান্ত প্রয়োজন। ইতিমধ্যে সচিব দপ্তর ও আইসিটি সেল হতে ই-নথি কার্যক্রম শুরু করা হয়েছে। উল্লেখ্য যে, এ বিষয়ে আইসিটি সেল সম্পূর্ণ কারিগরি সহায়তা প্রদান করবে। এ বিষয়ে গত ৩০ জুন ২০১৯ তারিখ ৪৬.১০.০০০০.০০৭.০০.০১৬.১৮/১০ সংখ্যক স্মারকে ডিএনসিসি'র সকল বিভাগীয় প্রধান, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও প্রকল্প পরিচালকদের পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়াও সরকারি ওয়েব মেইল ব্যবহার করা আবশ্যক।<br><br>স্থানীয় সরকার বিভাগের ০২ মে ২০১৯ তারিখের ৪৬.০০.০০০০.০৩৮.০১৬.০৬৮.১৫(অংশ)-১৩৪ সংখ্যক স্মারকে উল্লেখ করা হয়েছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এবং স্থানীয় সরকার বিভাগের ২৯ আগস্ট ২০১৮ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে সকল অধিশাখা/শাখায় ইউনিকোড বা নিকষ ফন্ট ব্যবহার করার নির্দেশনা প্রদান করা হয়ে থাকলেও কোন কোন শাখায় তার যথাযথ ব্যবহার হচ্ছে না। ফলে বাংলাদেশ জাতীয় সংসদ, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগসহ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/কার্যালয়ে ইউনিকোড বা নিকষ ফন্টে প্রতিবেদন প্রেরণ করতে বিভিন্ন সমস্যার সৃষ্টি হচ্ছে। যে সকল অধিশাখা/শাখায় ইউনিকোড বা নিকষ ফন্ট ব্যবহার করা হয় না সে সকল অধিশাখা/শাখায় ইউনিকোড বা নিকষ ফন্ট আবশ্যিকভাবে ব্যবহারের জন্য অনুরোধ করা হয়েছে। যা গত ১১ জুন ২০১৯ তারিখে ৪৬.১০.০০০০.০০৬.৯৯.০০২.১৭-৩৬১ সংখ্যক স্মারকে ডিএনসিসি'র সকল বিভাগীয় প্রধান ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাদের অনুকূলে প্রেরণ করা হয়েছে। |
| ২. সিদ্ধান্ত | : | ১. বিভিন্ন সরকারি দপ্তরসমূহের চলমান ই-নথি কার্যক্রমের সাথে সামঞ্জস্য রেখে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সকল বিভাগ/অঞ্চল/দপ্তরে ই-নথি কার্যক্রম অগ্রাধিকার ভিত্তিতে শুরু করতে হবে।<br><br>২. ডিএনসিসি'র সকল কর্মকর্তা/কর্মচারিদের সরকারি ওয়েব মেইল ব্যবহার করতে হবে। দাপ্তরিক কাজে ব্যক্তিগত ওয়েব মেইল ব্যবহার থেকে বিরত থাকতে হবে।<br><br>৩. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এবং স্থানীয় সরকার বিভাগের ২৯ আগস্ট ২০১৮ তারিখে |

| | | |
|---|---|---|
| | | অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক ডিএনসিসি'র সকল বিভাগ/আঞ্চলিক কার্যালয়/দপ্তর সমূহে ইউনিকোড বা নিকষ ফন্ট আবশ্যিকভাবে ব্যবহার করতে হবে। |
| ৩. বাস্তবায়ন | | ১. বিভাগীয় প্রধান (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-৭ | : | Disaster Management Action Plan এর অনুমোদন |
| আলোচনা | : | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা সার্কেল Power Point Presentation এর মাধ্যমে Disaster Management Action Plan এর বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করেন। Disaster Management Action Plan এর খসড়া সংযুক্ত; পরিশিষ্ট-'খ'।<br>উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ Disaster Management Action Plan এর অনুমোদন করার বিষয়ে ঐক্যমত পোষণ করেন। |
| সিদ্ধান্ত | : | Disaster Management Action Plan এর অনুমোদন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা সার্কেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |

**আলোচ্যসূচি-৮ : বিবিধ**

| ক্রম | বিবিধ আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | বিবিধ আলোচনায় অংশগ্রহণ করে সংরক্ষিত আসন ০১ এর সম্মানিত কাউন্সিলর জনাব শাহানাজ পারভীন বলেন, ওয়ার্ড পর্যায়ে কচুরিপানা পরিস্কারের ক্ষেত্রে কাউন্সিলরদের সাথে পরামর্শ করা হয় না।<br>ওয়ার্ড নম্বর ১২ এর সম্মানিত কাউন্সিলর জনাব মোহাম্মদ ইকবাল হোসেন তিতু বলেন, কাউন্সিলরদের তালিকা অনুযায়ী কচুরিপানা পরিস্কার করা হচ্ছে না।<br><br>সভাপতি ওয়ার্ড পর্যায়ের সকল উন্নয়ন মূলক কাজে সম্মানিত কাউন্সিলরদের সাথে আলোচনা/পরামর্শ করে সম্পাদন করার জন্য বিভাগীয় প্রধান ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাদের অনুরোধ জানান। | ১. কচুরিপানা পরিস্কার ও ওয়ার্ড পর্যায়ের সকল উন্নয়ন মূলক কার্যক্রমে সম্মানিত কাউন্সিলরদের সাথে আলোচনা/পরামর্শ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. সম্মানিত কাউন্সিলর (সকল), ডিএনসিসি<br>২. বিভাগীয় প্রধান (সকল), ডিএনসিসি<br>৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল, ডিএনসিসি |
| ২. | সভায় সম্মানিত কাউন্সিলরগণ রাজস্ব আদায় বাড়ানোর বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান।<br><br>সভাপতি আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাদের জোন ভিত্তিক রাজস্ব আদায়ের সার্বিক কাজ তদারকির অনুরোধ জানান। তিনি রাজস্ব বিভাগের জন্য পর্যাপ্ত গাড়ী সংস্থান রাখা এবং রাজস্ব আদায়ের সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারিদের আদায়ের Target নির্ধারণ করার উপর গুরুত্বারোপ করেন। তিনি Target পূরণকৃত কর্মকর্তা/কর্মচারিদের বিশেষ প্রণোদনা প্রদানের অভিমত ব্যক্ত করেন। এ বিষয়ে উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর একমত পোষণ করেন। | ১. রাজস্ব আদায় বাড়ানোর বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২. রাজস্ব আদায়ের সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারিদের আদায়ের Target নির্ধারণ করতে হবে।<br>৩. Target পূরণকৃত কর্মকর্তা/কর্মচারিদের বিশেষ প্রণোদনা প্রদানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১. প্রধান রাজস্ব কর্মকর্তা, ডিএনসিসি<br>২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ডিএনসিসি<br>৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ডিএনসিসি |
| ৩. | প্রধান রাজস্ব কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, নব সৃষ্ট ৫টি অঞ্চলে ওয়ার্ড ভিত্তিক এলাকা সীমানা চিহ্নিত | ১. দ্রুততম সময়ের মধ্যে অঞ্চল-৭ ও ৮ হতে ভাড়ার হার | ১. প্রধান রাজস্ব কর্মকর্তা, ডিএনসিসি |

| ক্রম | বিবিধ আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | করণ ও অবস্থিত বাড়ি/ঘর/অবকাঠামো/স্থাপনা সমূহের কর ধার্যের ক্ষেত্রে সম্ভাব্য ভাড়ার হার (Rate Chart) প্রণয়নের নিমিত্ত অঞ্চল-৬, ৯ ও ১০ হতে সম্ভাব্য ভাড়ার হার (Rate Chart) প্রণয়ন সংক্রান্ত প্রতিবেদন পাওয়া গেছে। অঞ্চল-৭ ও ৮ হতে অদ্যাবধি ভাড়ার হার (Rate Chart) প্রণয়ন সংক্রান্ত প্রতিবেদন পাওয়া যায় নি।<br>সভায় জানানো হয় যে, অঞ্চল থেকে সম্ভাব্য ভাড়ার হার (Rate Chart) প্রণয়ন সংক্রান্ত প্রতিবেদন প্রাপ্তির পর একটি উচ্চ পর্যায়ের কমিটি কর পর্যালোচনা করবে।<br><br>সভাপতি দ্রুততম সময়ের মধ্যে অঞ্চল-৭ ও ৮ হতে ভাড়ার হার (Rate Chart) প্রণয়ন সংক্রান্ত প্রতিবেদন প্রধান রাজস্ব কর্মকর্তা বরাবর প্রেরণের জন্য সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাদের অনুরোধ জানান। | (Rate Chart) প্রণয়ন সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ২. সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, ডিএনসিসি |
| ৪. | One Stop Service চালু করার জন্য ডিএনসিসি'র প্রবেশমুখে একটি রুম তৈরী করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় প্রস্তাব পেশ করা হয়। One Stop Service চালু করা হলে আবেদনকারী তার আবেদন কোথায় কি অবস্থায় রয়েছে তা Message এর মাধ্যমে জানতে পারবেন।<br><br>সভাপতি দ্রুততম সময়ের মধ্যে One Stop Service চালু করার জন্য ডিএনসিসি'র প্রবেশমুখে একটি রুম তৈরী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান প্রকৌশলীকে অনুরোধ জানান। | দ্রুততম সময়ের মধ্যে One Stop Service চালু করার জন্য ডিএনসিসি'র প্রবেশমুখে একটি রুম তৈরী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. প্রধান প্রকৌশলী, ডিএনসিসি |
| ৫. | (ক) ১২ নম্বর ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোহাম্মদ ইকবাল হোসেন তিতু মশা নিধনে কার্যকর কীটনাশক ব্যবহারের উপর গুরুত্বারোপ করেন।<br>সভাপতি সভাকে অবহিত করেন যে, বর্তমানে মশক নিধনের কীটনাশক ক্রয়ের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করা হচ্ছে। | ১. মশক নিধনের কীটনাশক ক্রয়ের ক্ষেত্রে সর্বোচ্চ গুনগত মান নিশ্চিত করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ডিএনসিসি<br>২. প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা, ডিএনসিসি |
| | (খ) ৪৮ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মাসুদুর রহমান দেওয়ান বলেন, সম্পত্তি হস্তান্তরের ১% হারে প্রদানকৃত কর দীর্ঘদিন যাবৎ ইউনিয়ন পরিষদের ফান্ডে প্রদান করা বন্ধ রয়েছে। সম্পত্তি হস্তান্তরের করের টাকা ডিএনসিসি'র তহবিলে প্রদান করা হচ্ছে কিনা এবং প্রদান করা হলে সেই টাকার পরিমান কত সে বিষয়ে সভাকে অবহিত করার অনুরোধ জানান।<br><br>এ বিষয়ে প্রধান রাজস্ব কর্মকর্তা সভাকে অবহিত | ১. নতুন অন্তর্ভূক্ত এলাকার (৮টি ইউনিয়ন) সম্পত্তি হস্তান্তর কর বাবদ কত টাকা ডিএনসিসি'র তহবিলে জমা করা হয়েছে তার মাস ভিত্তিক প্রতিবেদন প্রধান রাজস্ব কর্মকর্তা ও প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার যৌথ স্বাক্ষরে প্রধান নির্বাহী কর্মকর্তার মাধ্যমে মাননীয় | ১. প্রধান রাজস্ব কর্মকর্তা, ডিএনসিসি<br>২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ডিএনসিসি |

| ক্রম | বিবিধ আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | করেন যে, সম্পত্তি হস্তান্তরের ১% করের টাকা ব্যাংকের মাধ্যমে নিয়মিত ডিএনসিসি'র তহবিলে জমা প্রদান করা হচ্ছে। | মেয়র বরাবর উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (গ) ১৫ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব সালেক মোল্লা বলেন, নগরীর জলাবদ্ধতা দুর করার স্বার্থে বাইশটেকী খাল পুনরায় খনন করা আবশ্যক। বাইশটেকি খাল পুনরায় খনন না করলে মিরপুর-৩, ৪, ১৩, ১৪, ১৫ এর জলাবদ্ধতা নিরসন করা সম্ভব নয়। তিনি জরুরী ভিত্তিতে বাইশটেকী খাল পুনরায় খননের অনুরোধ জানান।<br>এ বিষয়ে অতিরিক্ত প্রধান প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, অতীতে ঢাকা শহরের খালসমূহ রক্ষনাবেক্ষণের দায়িত্ব ঢাকা ওয়াসাকে প্রদান করা হয়। সম্প্রতি ডিএনসিসি'র খাল পুনরুদ্ধার/খাল পরিস্কার করণ কার্যক্রম জোরদার করার কারণে ঢাকা ওয়াসা বাইশটেকী খাল পুনরায় খননের কার্যক্রম গ্রহণ করছে। | | |
| | (ঘ) সভাপতি আসন্ন পবিত্র ঈদুল আযহা/২০১৯ উপলক্ষ্যে নির্দিষ্ট স্থানে পশু কোরবানীর বিষয়ে সম্মানিত কাউন্সিলরদের পরামর্শ গ্রহণ পূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাদের অনুরোধ জানান। | ১. আসন্ন পবিত্র ঈদুল আযহা/২০১৯ উপলক্ষ্যে নির্দিষ্ট স্থানে পশু কোরবানীর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। এ বিষয়ে সম্মানিত কাউন্সিলরগণ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। | ১. সম্মানিত কাউন্সিলর (সকল), ডিএনসিসি<br>২. প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ডিএনসিসি |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(মো: আতিকুল ইসলাম)**
মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ও
সভাপতি, কর্পোরেশন সভা।

নং-৪৬.১০.০০০০.০০৬.০৬.০০৪.১৫. ৫৪২ তারিখঃ ০৫/০২/২০২২ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং ........../সংরক্ষিত আসন নং ............, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. ..............................................................................., বিভাগীয় প্রধান (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ................, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. ..............................................................................................................., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সচিব দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

৮. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. সিস্টেমস এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১০. সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২, সাধারণ প্রশাসন শাখা ও প্রশিক্ষণ কোষ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১১. অফিস কপি।

(রবীন্দ্রশ্রী বড়ুয়া)
সচিব
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।